



ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি IQBAL SIDDIQUEE EDUCATION SOCIETY

(A non-profitable organisation approved by the government)

Reg.No.S 8072 (93)

Nayanpur, Rajendrapur Cantonment, Gazipur Sadar, Gazipur. E-Mail: iq.siddiquee@gmail.com

Phone: 02 996695800


নোটিশ নং আইএসইএস/ ৫০/ ২০২২

তারিখ: ২৮শে এপ্রিল ২০২২

শিক্ষক-কর্মচারীদের মে ২০২২ মাসের রেশন

গত ২২শে মার্চ ২০২২ তারিখের অফিস আদেশ নং ২৩/২০২২ এর নির্দেশনা মোতাবেক দ্রব্যমূল্যের উর্ধ্বগতির বিষয়টি বিবেচনা করে এপ্রিল ২০২২ মাস থেকে ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি পরিচালিত ইকবাল সিদ্দিকী স্কুল অ্যান্ড কলেজ, কচি-কাঁচা একাডেমি, নয়নপুর এন এস আদর্শ বিদ্যালয় ও নজরুল স্মৃতি ছাত্রাবাসের যে সকল শিক্ষক-কর্মচারীর মাসিক সম্মানী ১৫,০০০/- (পনেরো হাজার) টাকার নিচে এবং কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করেছেন বা কমপক্ষে ১৮ (আঠারো) বছর কর্তব্য পালনশেষে অবসর নিয়েছেন এমন শিক্ষক-কর্মচারীর পরিবারকে ২০ (বিশ) টাকা কেজি করে চাল, ৪০ (চল্লিশ) টাকা কেজি করে মসুরের ডাল এবং ৫০ (পঞ্চাশ) টাকা লিটার করে সয়াবিন তেল রেশন হিসেবে প্রদান করা হচ্ছে। মে ২০২২ মাসের রেশন ১লা মে সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত প্রদান করা হবে। সংশ্লিষ্টদের ৩০.৪.২০২২ তারিখের মধ্যে রেশন স্লিপ সংগ্রহ করে নির্ধারিত ডিলারের নিকট থেকে রেশন গ্রহণ করতে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে রেশন উত্তোলন না করলে রেশন স্লিপ বাতিল হতে পারে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে


২৮.৪.২২

(এস এম মিজানুর রহমান)
বিএসএস, বিএড, এমএড
প্রশাসনিক কর্মকর্তা

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অধ্যক্ষ, ইকবাল সিদ্দিকী কলেজ
- ২। প্রধান শিক্ষক, ইকবাল সিদ্দিকী স্কুল অ্যান্ড কলেজ/ কচি-কাঁচা একাডেমি/ নয়নপুর এনএস আদর্শ বিদ্যালয়
- ৩। হিসাব কর্মকর্তা, ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি
- ৪। অফিস কপি
- ৫। নোটিশ বোর্ড
- ৬। প্রতিষ্ঠানের ওয়েবসাইট, ফেসবুক পেইজ